# 2023

## PHILOSOPHY — HONOURS

**Paper : CC-1**

**(Indian Philosophy - I)**

**Full Marks : 65**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি বেছে নাও (*যে-কোনো দশটি*) ঃ ১×১০

(ক) ভারতীয় দর্শনে আস্তিক দর্শন সম্প্রদায়ের সংখ্যা হল

(অ) তিনটি (আ) চারটি

(ই) পাঁচটি (ঈ) ছয়টি।

(খ) চার্বাক দর্শনের প্রতিষ্ঠাতা হলেন

(অ) কণাদ (আ) গৌতম বুদ্ধ

(ই) পতঞ্জলি (ঈ) বৃহস্পতি।

(গ) জৈনদের আধিবিদ্যক তত্ত্বটি হল

(অ) অনিত্যবাদ (আ) অনেকান্তবাদ

(ই) স্যাদ্‌বাদ (ঈ) পুদ্‌গলবাদ।

(ঘ) জৈন দার্শনিকগণ

(অ) ঈশ্বরবাদী (আ) নিরীশ্বরবাদী

(ই) ব্রহ্মবাদী (ঈ) জড়বাদী।

(ঙ) বৌদ্ধমতে দুঃখের মূল কারণটি হল

(অ) পুনর্জন্ম (আ) তৃষ্ণা

(ই) অবিদ্যা (ঈ) বেদনা।

(চ) বস্তুবাদী সৌত্রান্তিকগণ হলেন

(অ) বাহ্য প্রত্যক্ষবাদী (আ) বাহ্য অনুমেয়বাদী

(ই) শূন্যবাদী (ঈ) কোনোটিই নয়।

(ছ) ন্যায়মতে নির্বিকল্পক প্রত্যক্ষকে যে প্রমাণের দ্বারা জানা যায়, তা হল

(অ) অনুমান (আ) প্রত্যক্ষ

(ই) উপমান (ঈ) শব্দ।

(জ) ন্যায়মতে 'প্রমেয়' শব্দের অর্থ হল

(অ) জ্ঞান (আ) বিষয়

(ই) সম্বন্ধ (ঈ) কোনোটিই নয়।

(ঝ) ন্যায়দর্শনে 'পক্ষধর্মতা' জ্ঞান হল

(অ) পক্ষে সাধ্যের সম্বন্ধের জ্ঞান (আ) পক্ষে হেতুর সম্বন্ধের জ্ঞান

(ই) হেতু ও সাধ্যের সম্বন্ধের জ্ঞান (ঈ) কোনোটিই নয়।

(ঞ) চার্বাকসম্মত কার্যকারণতত্ত্ব হল

(অ) স্বভাববাদ (আ) সৎকার্যবাদ

(ই) অসৎকার্যবাদ (ঈ) প্রতীত্যসমুৎপাদবাদ।

(ট) বৈশেষিক সম্মত প্রাগভাবের

(অ) আদি ও অন্ত আছে (আ) অন্ত নেই কিন্তু আদি আছে

(ই) আদিও নেই অন্তও নেই (ঈ) কোনোটিই নয়।

(ঠ) বৈশেষিক দর্শন হল

(অ) প্রমাণ প্রধান (আ) প্রমেয় প্রধান

(ই) প্রমাতা প্রধান (ঈ) প্রমিতি প্রধান।

২। নিম্নলিখিত ***যে-কোনো পাঁচটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ

(ক) চার্বাক 'দেহাত্মবাদ'কে ভূতচৈতন্যবাদ বলা হয় কেন?

(খ) জৈন মতে 'গুণ' ও 'পর্যায়' বলতে কী বোঝায়?

(গ) জৈন মতে 'স্যাৎ' শব্দের অর্থ কী? স্যাৎবাদ কি এক প্রকার সংশয়বাদ? সংক্ষেপে ব্যাখ্যা করো।

(ঘ) বৌদ্ধ দর্শনে 'সৎ' ও 'ক্ষণিক' শব্দ দুটির অর্থ ব্যাখ্যা করো।

(ঙ) বৌদ্ধ দার্শনিকগণের আত্মা সম্পর্কীয় মতবাদ ব্যাখ্যা করো।

(চ) ন্যায়দর্শন অবলম্বনে প্রমা ও প্রমাণের পার্থক্য বিশ্লেষণ করো।

(ছ) বৈশেষিকগণ 'বিশেষ'-কে স্বতন্ত্র পদার্থরূপে স্বীকার করেন কেন?

(জ) সমবায় ও সংযোগের পার্থক্য করো।

নিম্নলিখিত ***যে-কোনো দুটি*** প্রশ্নের উত্তর দাও।

৩। কোন যুক্তিতে চার্বাকগণ অনুমানের স্বতন্ত্র প্রামাণ্য খণ্ডন করেন। এই মত কি গ্রহণযোগ্য? আলোচনা করো। ১০+৫

৪। বিজ্ঞানবাদী বৌদ্ধগণ বাহ্যবস্তুর অস্তিত্ব খণ্ডনের জন্য কী কী যুক্তি দিয়েছেন? বিজ্ঞানবাদীদের এই যুক্তিগুলি বিরুদ্ধবাদীরা কীভাবে খণ্ডন করেন? ১০+৫

৫। ন্যায় মতে প্রত্যক্ষের লক্ষণ কী? প্রত্যক্ষ লক্ষণে 'ইন্দ্রিয়', 'অর্থ' ও 'সন্নিকর্ষ' বলতে কী বোঝায়? ন্যায়সম্মত বিভিন্ন প্রকার লৌকিক সন্নিকর্ষগুলি উদাহরণসহ আলোচনা করো। ৩+৩+৯

৬। বৈশেষিক দর্শনে 'পদার্থ' বলতে কী বোঝায়? এই দর্শনে অভাবকে স্বতন্ত্র পদার্থ হিসাবে স্বীকার করা হয় কেন? অভাব পদার্থ ও তার প্রকারভেদ সম্বন্ধে আলোচনা করো। ২+৩+১০

## [ English Version ]

*The figures in the margin indicate full marks.*

**1.** Choose the correct option (***any ten***) : 1×10

(a) The number of orthodox schools in Indian Philosophy are

(i) three (ii) four

(iii) five (iv) six.

(b) The founder of the *Cārvāka* philosophy is

(i) *Kaṇāda* (ii) *Gautama Buddha*

(iii) *Patañjali* (iv) *Bṛhaspati.*

(c) The metaphysical theory of the Jainas is called

(i) *Anityavāda* (ii) *Anekāntavāda*

(iii) *Syādvāda* (iv) *Pudgalavāda.*

(d) Jaina philosophers are

(i) Theists (ii) Atheists

(iii) *Brahamvādīn*-s (iv) Materialists.

(e) According to Bauddha, the root cause of suffering is

(i) rebirth (ii) *tṛṣṇā*

(iii) *avidyā* (iv) *vedanā.*

(f) Realist *sautāntrika* philosophers are

(i) *bāhyapratyakṣavādīn* (ii) *bāhyānumeyavādīn*

(iii) *sūnyavādīn* (iv) none of these.

(g) In *Nyāya*, *Nirvikalpaka* perception is known through

(i) *anumāna* (Inference) (ii) *pratyakṣa* (perception)

(iii) *upamāna* (Comparison) (iv) *śabda* (Verbal Testimony).

(h) The meaning of '*prameya*' according to *Nyāya* is

(i) cognition (ii) object

(iii) relation (iv) none of these.

(i) '*Pakṣadharmatā*' in *Nyāya* philosophy is

(i) the knowledge of the relation of *sādhya* in *pakṣa*

(ii) the knowledge of the relation of *hetu* in *pakṣa*

(iii) the knowledge of the relation between *hetu* and *sādhya*

(iv) none of these.

(j) The doctrine of causality admitted by the *Cārvākas* is

(i) *swabhāvavāda* (ii) *satkāryavāda*

(iii) *asatkāryavāda* (iv) *pratityasamutpādvāda*.

(k) *Prāgabhāva*, which is accepted in Vaiśeṣika philosophy has

(i) beginning and end (ii) no end but a beginning

(iii) neither beginning nor end (iv) none of these.

(l) *Vaiśeṣika* philosophy is

(i) *Pramāṇa* dominant (ii) *Prameya* dominant

(iii) *Pramātā* dominant (iv) *Pramiti* dominant.

2. Answer in brief ***any five*** questions of the following : 5×5

(a) Why *Cārvāka* '*Dehātmavāda*' is called *Bhūtacaitanyavāda*?

(b) What is meant by '*guṇa*' and '*paryāya*' as accepted in the Jaina system?

(c) What is the meaning of the word '*syāt*' in Jaina philosophy? Is *syādvāda* a form of scepticism? Explain briefly.

(d) Explain the meanings of the words '*sat*' and '*kṣaṇika*' in Buddhist philosophy.

(e) Explain the Bauddha doctrine of Self.

(f) Analyse the distinction between *pramā* and *pramaṇa* following Nyāya philosophy.

(g) Why do the *Vaiśeṣikas* admit *viśeṣa* as a distinct category?

(h) Distinguish between '*samavāya*' and '*saṁyoga*'.

Answer ***any two*** questions.

3. On what grounds do the *Cārvāka*-s refute *anumāna* (inference) as a distinct *pramāṇa*? Is this view acceptable? Discuss. 10+5

4. On what grounds do the *Vijñānavādīns* deny the existence of the external objects? How do the opponents refute the arguments offered by the *Vijñānavādīns*? 10+5

5. What is the definition of perception according to *Nyāya*? What are meant by the terms '*indriya*', '*artha*' and '*sannikarṣa*' in the Nyāya definition of perception? Explain with illustrations the different types of *laukika sannikarṣa* after the Nyāya system. 3+3+9

6. What is meant by the term '*padārtha*' in the Vaiśeṣika school? Why is *abhāva* accepted as a separate category in this system? Discuss the category of *abhāva* and its different kinds. 2+3+10